

আসওয়াদ কম্পোজিট মিলস লিঃ

সম-অধিকার/অবৈষম্য আচরণ নীতিমালা



১। কোম্পানীর নীতিমালা :

- ব্যক্তিগত চারিত্রিক বৈশিষ্ট্য অথবা মতবাদের ভিত্তিতে নয়, বরং শ্রমিকদেরকে তাদের কাজ করার যোগ্যতার ভিত্তিতে নিয়োগ, প্রদেয়, পদোন্নতি এবং চাকুরীর অবসান করবেন।
- ব্যক্তিগত চারিত্রিক বৈশিষ্ট্য অথবা বিশ্বাস এর সংজ্ঞা হলো লিঙ্গ, যোগ্যতার পরিপ্রেক্ষিত, জাতি, গোত্র, ধর্ম, জাতীয়তা, রাজনৈতিক মতবাদ, সামাজিক অথবা জাতীয়তা, ইউনিয়ন ও শ্রমিকদের সংস্থার সদস্যপদ, কিন্তু এর মধ্যে সীমাবদ্ধ করবেন না।
- নিয়োগের ক্ষেত্রে সমান সুযোগ প্রদান করবেন এবং মর্যাদা এবং সম্মানের সাথে আচরণ করবেন।
- কোম্পানীর চাকুরীতে নিয়োগ হওয়ার অথবা চাকুরীতে বর্তমান থাকার শর্ত হিসাবে বাধ্যতামূলক গর্ভাবস্থা পরীক্ষা নিষিদ্ধ করবেন।

২। কোম্পানীর পদ্ধতিসমূহ :

ক) আমরা সকল মানুষ ও পারিপার্শ্বিকতার প্রতি সমান সম্মান প্রদর্শনে বিশ্বাসী। দৈনন্দিন কার্য সম্পাদনের ক্ষেত্রে কোন প্রকার পক্ষপাতিত্ব না করে শ্রদ্ধার সাথে নিম্নোক্ত নীতি অনুসরণ করি এবং এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করে থাকি।

খ) কর্মসংস্থান, বেতন, সুযোগ-সুবিধা, অগ্রিম প্রদান, কর্মচ্যুতি অথবা অবসর গ্রহণের সিদ্ধান্ত সম্পূর্ণভাবে প্রতিটি কর্মীর নিজস্ব, শিক্ষাগত যোগ্যতা, পেশাদারী যোগ্যতা ও কর্মক্ষেত্রের দক্ষতার উপর নির্ভরশীল। এ ক্ষেত্রে জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, লিঙ্গ, বৈবাহিক অবস্থা বা গর্ভাবস্থা অথবা রাজনৈতিক মতাদর্শ বা বয়সের কারণে ভেদাভেদ সৃষ্টি করা হয় না।

গ) নিয়োগের সময় মহিলা আবেদনকারীরা গর্ভবতী ছিল না এটা জিজ্ঞাসা করার প্রয়োজন নেই এবং নিয়োগ পদ্ধতির অংশ হিসাবে গর্ভসঞ্চারণ বিষয় পরীক্ষা করারও প্রয়োজন নেই এবং নিয়োগের জন্য গর্ভনিরোধ ব্যবহারের শর্তেরও প্রয়োজন নেই। গর্ভধারণের কারণে মহিলাদের প্রতি অসদাচরণ বা তাদের চাকুরীচ্যুত করা যাবে না।

৩। দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং নথিপত্রকরণ :

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পক্ষপাতিত্বের সকল ধরন কার্যকরভাবে নিষিদ্ধ করার চর্চাসমূহ এবং সকল কর্মীদের মর্যাদা এবং সম্মানের সাথে আচরণ করা সংক্রান্ত ফ্যাক্টরীর নীতিসমূহ সকল কর্মীর সাথে সহযোগিতা করেন। এই ক্ষেত্রে কাজের নথিপত্র রক্ষা করা হয়।

আসওয়াদ কম্পোজিট মিলস লিঃ

আসওয়াদ কম্পোজিট মিলস লিঃ তার সমস্ত ফ্যাক্টরী / কার্যক্ষেত্রের জন্য সকল কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের জন্য বর্ণ, ধর্ম, গোত্র এবং নারী-পুরুষ সকলের ক্ষেত্রে সমঅধিকার/অবৈষম্য নীতিমালা অনুসরণ করে। এক্ষেত্রে কোম্পানীর বিস্তারিত নীতিমালার বিধান নিম্নরূপঃ

- সমঅধিকার আমাদের গ্রুপের প্রধান নীতিমালা।
- সব ধরনের কর্মকর্তা/কর্মচারী শ্রমিক নির্বাচন, নিয়োগ ট্রেনিং এবং পদোন্নতি তাদের শিক্ষাগত এবং পেশাগত দক্ষতার ভিত্তিতে প্রদান করা হয়। এ ক্ষেত্রে নারী, পুরুষ, ধর্ম, গোত্র বা বর্ণের উপর ভিত্তি করে বিবেচনা করা হয় না। তবে যে সব ক্ষেত্রে নারী পুরুষের বা বয়সের ব্যাপারে শ্রম আইন কর্তৃক উল্লেখ আছে তাহা ব্যতিত।
- আমাদের গ্রুপ নিশ্চিত করে যে, কোম্পানীতে দেয় কোন ধরনের আর্থিক / পদোন্নতি / বদলী / প্রশিক্ষণ অথবা সামাজিক বা সংঘবদ্ধ সুযোগ সুবিধার ব্যাপারে নারী-পুরুষ, ধর্ম, বর্ণ, বা গোত্রের কোন বৈষম্য করা হয় না।
- আমাদের গ্রুপের বর্ণিত নীতিমালা সমূহ সঠিক ও যথাযথ ভাবে পালন করা হচ্ছে কি না তাহা বৎসরে অন্তত একবার পরিদর্শন পূর্বক নিশ্চিত করা হবে।

৪। প্রযোজ্য আইন এবং নীতিসমূহ :

- গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধান
- সার্বজনীন মানবাধিকার ঘোষণা ১৯৪৮
- বৈষম্য/পক্ষপাতিত্ব (নিয়োগ এবং চাকুরী) সম্মেলন ১৯৫৮ (১১১)
- বাংলাদেশ শ্রম আইন ২০০৬
- বিভিন্ন ক্ষেত্রের স্বার্থ-সংশ্লিষ্ট নীতিমালা

ডাইরেক্টর এ্যাডমিন এন্ড সার্ভিলেন্স
আসওয়াদ কম্পোজিট মিলস লিঃ